# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ২১৩১

৯. পানীয় অধ্যায় (كتاب الأشربة)

পরিচ্ছেদঃ ৪. মদ পরিবেশন করা হয় এমন খানায় বসার নিষেধাজ্ঞা সম্পর্কে

بَاب فِي النَّهْيِ عَنْ الْقُعُودِ عَلَى مَائِدَةٍ يُدَارُ عَلَيْهَا الْخَمْرُ

### আরবী

أَخْبَرَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا الْحَسَنُ بْنُ أَبِي جَعْفَرٍ حَدَّثَنَا أَبُو الزُّبَيْرِ عَنْ جَابِرٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ كَانَ يُؤْمِنُ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ فَلَا يَقْعُدْ عَلَى مَائِدَةٍ يُشْرَبُ عَلَيْهَا الْخَمْرُ

### বাংলা

২১৩১. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যে ব্যক্তি আল্লাহ এবং আখিরাতে বিশ্বাস রাখে সে যেন এমন দস্তরখানে না বসে, যেখানে মদ পান করা হয়।”[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৯২৫ তে।

এছাড়া, তাবারাণী, আল আওসাত নং ৬৯২, ১৭১৫, ২৫৩১; খতীব, তারিখ বাগদাদ ১/৪৪৪ নং ৩২০; সাহমী, তারিখ জুরজান পৃ: ১৯১-১৯২।

আর এ হাদীসের শাহিদ রয়েছে কয়েকটি: উমার রাদ্বিয়াল্লাহু আনহু এর হাদীস দেখুন, মুসনাদুল মাউসিলী নং ২৫১ তে। সেখানে আমরা এর শাহিদ সমূহ উল্লেখ করেছি। ফাতহুল বারী ৯/২৫০ তে হাফিজ (ইবনু হাজার) একে নাসাঈ’র দিকে সম্বন্ধিত করেছেন এবং বলেছেন, এর সনদ জাইয়্যেদ’ বা উত্তম। এটি রয়েছে (নাসাঈ’র) কুবরা নং ৬৭৪১; আরও দেখুন, তালখীসুল হাবীর ৩/১৯৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82414

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন